চুয়াডাঙ্গায় করোনার উপসর্গ নিয়ে শ্রমিক নেতার মৃত্যু

করোনাভাইরাসের উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা জেলা মোটরশ্রমিক ইউনিয়নের সাবেক সহ-সভাপতি কাওছার আলী শাহ (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকালে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। কাওছার আলী শাহ দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত বদর উদ্দিন শাহ’র ছেলে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আবু হেনা মোহাম্মদ জামাল শুভ জানান, কাওছার আলি শাহ কয়েকদিন ধরে সর্দি কাশি, জ্বর ও ডায়রিয়ায় ভুগছিলেন। তিনি সোমবার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে নমুনাও দিয়েছিলেন।

নমুনা সংগ্রহ করার পর পরীক্ষার জন্য মঙ্গলবার কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়েছে। রিপোর্ট আসার আগেই তিনি মারা গেলেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলাতে সোমবার পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২১৫ জন নারী-পুরুষ। এরমধ্যে সুস্থ হয়েছেন ১৩১ জন ও মারা গেছেন ২ জন।

মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের বৃক্ষ রোপণ কর্মসূচি

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের উদ্যেগে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহন করা হয়েছে। মঙ্গলবার দুপু্◌ুর দুইটার দিকে মহাজনপুর মহাবিদ্যালয় কলেজে প্রাঙ্গনে
মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় মহাজনপুর মহাবিদ্যালয় এর অধ্যাপক রাহাতুল্লা হক,মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ইমাম হোসেন ইমন, দপ্তর সম্পাদক সায়েম খন্দকার,মোনাখালি ইউনিয়ন ছাত্রলীগ নেতা মুমিন হোসেন সাব্বির সহ মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।
এ সময় মহাজনপুর ইউনিয়নে ৫০০ গাছ রোপন করা হয়।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক সংগঠনের মাস্ক বিতরণ অব্যাহত

কোরোনা মোকাবেলায় মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি মহাদয়ের নির্দেশনায় মাস্ক বিতরণ করা। মঙ্গলবার দুপুর ১২ টার দিকে জেলা আওয়ামী লিগের যুগ্ন সাধারন সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহিন মাস্ক বিতরণের উদ্বোধন করেন। উদ্বোধনের সময় তিনি বলেন, বাংলাদেশ সরকারের সহযোদ্ধা মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের নেতৃত্বে একদল যুবসমাজ তার আহবানে সাড়া দিয়ে কোন ভাইরাসের মোকাবেলায় প্রত্যেকটি অঞ্চলে মাস্ক বিতরনের কার্যক্রম অব্যাহত রেখেছে। তিনি আরও বলেন স্বেচ্ছাসেবক সংগঠনের প্রতিটা সদস্যকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানায়। মেহেরপুর কোট মোড় অঞ্চলে ইজিবাইক, ভেনচালক, রিস্কাচালক, মোটরসাইকেল আরহীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হাসান আসিফ, আওয়ামী যুবলীগ নেতা আলাউদ্দিন ও আব্দুল্লাহ আল মামুন, সিনিয়র সহ-সভাপতি রাজু আহমেদ লিটিল, সাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক ফয়সাল হাসান রকি, শাহিন রেজা, মহাসিন আলী, রিপন মিয়াসহ আরো অনেকেই।

ঝিনাইদহে পানিতে ডুবে শিশুর

মৃত্যু

ঝিনাইদহে তিশা (৩) নামের এক শিশু পানিতে ডুবে মৃত্যু হয়েছে। নিহত শিশু ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নে বেতাই-দুর্গাপুর গ্রামের মুজিবর মোল্লার মেয়ে।

স্বজনরা জানায়, শিশুটি অবসর সময় দাদার কাছে থাকে এই জন্য দীর্ঘসময় মা-বাবা খোঁজ নেয়নি। দীর্ঘ সময় সন্তানকে কাছে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করলে বাড়ির পাশে পুকুরে শিশু তিশাকে মৃত অবস্থায় ভাসতে দেখে।

ঘটনার সত্যতা স্বীকার করে ইউ’পি সদস্য শাহাবুদ্দিন জানান, সকালে এই দম্পতির একমাত্র শিশু কন্যার মৃত্যু হয়। মাসুম বাচ্চার মৃত্যুতে শোক সম্ভ্রান্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি।

ঝিনাইদহ র্যাব-৬ কুমড়া বোঝাই পিকআপের মধ্যে থেকে ফেন্সিডিল ও গাঁজা উদ্ধার

ঝিনাইদহে কুমড়া বোঝাই পিকআপের মধ্যে থেকে ফেন্সিডিল ও গাঁজা উদ্ধার করেছে র্যাব। সোমবার সন্ধ্যায় ঝিনাইদহ-মাগুরা সড়কের বিসিক শিল্প নগরীর গেটের সামনে চেকপোস্ট বসিয়ে এক কেজি গাজা ও ১১৭ বোতল ফেন্সিডিলসহ পিকআপের চালক মারুফ হোসেন (২৪) ও সহযোগী হাসমত মোল্লা (৩০) কে আটক করা হয়। উদ্ধারকৃত মাদকদ্রব্যের আনুমানিক মূল্য ৪ লাখ ১৭ হাজার টাকা ।

র্যাব সূত্রে জানাগাছে, কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম এবং স্কোয়াড কমান্ডার এইচ এম শফিকুর রহমান এর নেতৃত্বে মাদক পাচারের গোপন সংবাদ পেয়ে তারা বিসিক শিল্প নগরীর ১নং গেটের সামনে চেক পোস্ট বসায়। সে সময় একটি কুমড়া বোঝাই পিকআপকে গতিরোধ করে র্যাব। পিকআপটি রাস্তার পাশে দাঁড় করিয়ে

চালক মারুফ হোসেন, হেলপার হাসমত মোল্লা, নজরুল ও শহিদুল নামের ৪ জন পালাতে চেষ্টা করে। সে সময় র্যাব মারুফ হোসেন ও হাসমতকে আটক করলেও অপর দু’জন পালিয়ে যায়।

পরে পিকআপের উপর কুমড়া বোঝাই বস্তায় তল্লাসী চালিয়ে ৩ লাখ ৩০ হাজার টাকা মূল্যের এক কেজি গাঁজা ও ১ লাখ ১৭ হাজার টাকা মূল্যের ১১৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় বলে র্যাব দাবি করে।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম জানান, চেকপোস্ট বসিয়ে র্যাব সদস্যরা এক কেজি গাজা ও ১১৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা করেছে। এছাড়া মাদকদ্রব্য বহনকারী কুমড়া বোঝাই পিকআপটি জব্দ করা হয়েছে। এছাড়া আটককৃত ও পলাতকদের আসামি করে মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে।

মেহেরপুরে গাংনী পৌর সভার বাজেট ঘোষনা

গাংনী পৌর সভাকে তিলোত্তমা পৌর সভায় পরিনত করার লক্ষ্যে স্বাস্থ্য খাতকে অধিক গুরুত্ব দিয়ে মেহেরপুরের গাংনী পৌরসভার ২০২০-২০২১ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে।

আজ (৩০) জুন মঙ্গলবার বেলা ১২ টার সময় পৌরসভার সম্মেলন কক্ষে , কাউন্সিলর ও রাজনৈতিক নেতৃবৃন্দ ও গণমাধ্যম কর্মীদের উপস্থিতিতে প্রস্তাবিত বাজেট ঘোষণা করেন গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম। আয়ের সাথে ব্যায়ের সংগতি রেখে এবং স্বাস্থ্য খাতে গুরুত্ব দিয়ে ৩৭ কোটি ২৭ লাখ ৫৭ হাজার ৮৭৩ টাকার বাজেট উপস্থাপন করেন পৌর সচিব শামীম রেজা ।

এ বাজেটে স্বাস্থ্য খাতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ব্যায় ধরা হয়েছে ৫৬ লাখ ৫ হাজার টাকা। পৌর মেয়র আশরাফুল ইসলামেরে সভাপতিত্বে

বক্তব্যে রাখেন পৌর কমিশনার মিজানুর রহমান, আফাল উদ্দিন। গাংনী পৌরসভাকে একটি তিলোত্তমা পৌরসভায় রুপান্তর করার পরিকল্পনা দ্রত বাস্তবায়ন হবে বলে পৌরবাসীকে আশ^স্ত করেন পৌর মেয়র আশরাফুল ইসলাম। এসময় পৌরবাসী জনপ্রতিনিধি ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১০ বোতল ফেন্সিডিল সহ আজিবর রহমান নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

সোমবার দিবাগত রাত ১২ টার দিকে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক আজিবর রহমান মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আসমাী আজিবর রহমানের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি

বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্যের নির্দেশ

মোতাবেক মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নির্দেশনায়, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি, মোঃ শাহজাহান আলীর নেতৃত্বে সাহারবাটি কলোনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫০টি বৃক্ষরোপণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওয়ালিদ আল জাবির প্লাবন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ফিরোজ আহম্মেদ, যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব সবুজ, শেখ হুমায়ুন কবির লিখন, তপু রায়হান রবিন, সাংগঠনিক সম্পাদক সাইফ হাসান কৌশিক, উপ-পরিবেশ বিষয়ক সম্পাদক শাকিরুজ্জামান আরিফ।

আসিফ ইকবাল অনিক,সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক, গাংনী উপজেলা শাখা। আরো উপস্থিত ছিলেন ছাত্রলীগ নেতা, শিমুল, আবির, তৌফিক, সাঈদ, টিপু, নাহিদ,রাকিবুল, জামিরুল, রাব্বি, আশিক, পিয়াস,তানভীর প্রমুখ।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোঃ শাহজাহান আলী জানান মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে গাংনী উপজেলায় আরো ১০০০ গাছ রোপন চলমান থাকবে।

মেপ্র/এমএফআর

সব রেকর্ড ছাপিয়ে করোনায় একদিনে ৬৪ মৃত্যু, শনাক্ত ৩৬৮২

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে রেকর্ড ৬৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৮৪৭ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ৬৮২ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৪৫ হাজার ৪৮৩ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৮৪৪ জন এবং মোট সুস্থ ৫৯ হাজার ৬২৪ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ঘণ্টায় ১৮ হাজার ৮৬৩টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পূর্বের নমুনাসহ ১৮ হাজার ৪২৬টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ৬৮২ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৪৫ হাজার ৪৮৩ জন। শনাক্তের হার ১৯ দশমিক ৯৮ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৬৪ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৫২ জন ও নারী ১২ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ৮৪৭ জন।

নাসিমা সুলতানা জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৮৪৪ জন। এ পর্যন্ত সুস্থ ৫৯ হাজার ৬২৪ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪০ দশমিক ৯৮ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৭ শতাংশ।

তিনি আরও জানান, বয়স বিভাজনে ৩১-৪০ বছরের মধ্যে ৭ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৬ জন, ৫১-৬০ বছরের মধ্যে ২১ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১৬ জন, ৭১-৮০ বছরের মধ্যে ১১ মারা এবং ৮১-৯০ বছরের মধ্যে ৩ জন মারা গেছেন।

নাসিমা জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ৩১ জন, চট্টগ্রামে ১২ জন, রাজশাহীতে ৭ জন, সিলেটে ২ জন, খুলনায় ৭ জন, বরিশালে ২ জন এবং ময়মনসিংহে ২ জন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ৫১ জন ও বাড়িতে ১৩ জন মারা গেছেন। মৃত অবস্থায় হাসপাতালে এসেছেন একজন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

[redacted]

[redacted]